তারিখ ... 28 JUL 2016 ...
পৃষ্ঠা ...৩... কলাম ... ২ ...

যুগান্তর

আলেমদের সঙ্গে মতবিনিময়ে শিক্ষামন্ত্রী

# ইসলামের প্রকৃত শিক্ষা দিয়ে তরুণদের বিপথে যাওয়া রোধ করুন

**যুগান্তর রিপোর্ট**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ইসলামের সঠিক ব্যাখ্যা ও প্রকৃত শিক্ষা দিয়ে বিপথগামী তরুণ, নিরীহ মানুষ ও ইসলাম ধর্মকে রক্ষা করার জন্য আলেম সমাজের প্রতি আহ্বান জানিয়েছেন। বুধবার সকালে ঢাকার ফার্মগেটে কৃষিবিদ ইন্সটিটিউট মিলনায়তনে সন্ত্রাসবাদ প্রতিরোধে আলেমদের ভূমিকা শীর্ষক সমাবেশে বক্তৃতায় তিনি এ আহ্বান জানান। তিনি বলেন, সমাজে যারা সন্ত্রাস করে নিরীহ মানুষ খুন করছে ও জঙ্গি তৈরিতে কাজ করছে তাদের চিহ্নিত করতে হবে। যত দ্রুত আমরা এই কাজ করতে পারব, ততই আমাদের জন্য তা মঙ্গল বয়ে আনবে। তাই দ্রুত এই কাজ করতে হবে। ইসলামী আরবি বিশ্ববিদ্যালয় আয়োজিত এ সমাবেশে দেশের ৩০৫টি আলেম, ৩১টি অনার্স এবং বিভিন্ন কামিল মাদ্রাসার প্রায় ১৩শ' অধ্যক্ষ ও শিক্ষক অংশ নেন। জেহাদের নামে জঙ্গিবাদ মোকাবেলায় শিক্ষামন্ত্রী সমাবেশ থেকে আলেম সমাজের প্রতিপালনের জন্য ১২ দফা নির্দেশনা দেন। এর মধ্যে আছে, বিপথগামিতা থেকে রক্ষা করতে শিক্ষক-শিক্ষার্থীদের নজরদারি, সন্দেহভাজনদের পুলিশে হস্তান্তর, শিক্ষার্থীদের ক্লাসে উপস্থিতির তদারকি, শিক্ষা প্রতিষ্ঠানকেন্দ্রিক প্রতিরোধ কমিটি গঠন, এই কমিটির কাজ সমাজেও ছড়িয়ে দেয়া, প্রতিষ্ঠানে অভিভাবক সমাবেশ আয়োজন, হামদ-নাত, কোরআন তেলাওয়াতসহ শিক্ষার্থীদের জন্য সাংস্কৃতিক কর্মকাণ্ড ও খেলাধুলার ব্যবস্থা, শিক্ষক-শিক্ষার্থীর মধ্যে নিবিড় সম্পর্ক স্থাপন ইত্যাদি।

## ১২ দফা নির্দেশনা

শিক্ষামন্ত্রী সারা দেশে শিক্ষাপ্রতিষ্ঠানগুলোয় স্থানীয় জনপ্রতিনিধি, পরিচালনা কমিটির সদস্য, শিক্ষক, অভিভাবকসহ গণ্যমান্য ব্যক্তিদের নিয়ে কমিটি গঠনের আহ্বান জানান। তিনি বলেন, কেবল আইন প্রয়োগের মাধ্যমে সন্ত্রাসবাদ ও জঙ্গিবাদ প্রতিরোধ করা সম্ভব নয়। এ জন্য প্রয়োজন সমাজের সর্বস্তরে ব্যাপক জনসচেতনতা সৃষ্টি। আলেম-ওলামা, পীর-মাশায়েখরা শুক্রবারের খুতবা, বিভিন্ন অনুষ্ঠান, ওয়াজ-নসিয়ত ও বক্তৃতার মাধ্যমে শান্তির ধর্ম ইসলামের প্রকৃত শিক্ষা তুলে ধরে জনসচেতনতা সৃষ্টিতে ভূমিকা রাখতে পারেন। তিনি সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার জন্য সামাজিক আন্দোলন সৃষ্টির আহ্বান জানান।